



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/ময়মনসিংহ-২২১/ ২৪০০/১৬

তারিখঃ ২৮/০১/২০১৮খ্রিঃ

## তাগিদপত্র

**বিষয়ঃ** বিধি মোতাবেক তদন্ত করে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ ও জনাব মোঃ আব্দুল মান্নানের অভিযোগ প্রসঙ্গে।


**সূত্রঃ** নং-প্রশা/২০২৮/১/নথি নং-ময়মনসিংহ-২২১; তারিখঃ ১৬/০২/২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার গফরগাঁও উপজেলাধীন মাহমুদাবাদ বালিকা দাখিল মাদ্রাসার বরখাস্তকৃত সহকারী মৌলভী মোঃ আব্দুল মান্নান কর্তৃক দাখিলকৃত ০১/০১/২০১৭খ্রিঃ তারিখের অভিযোগের বিষয়ে লিখিত বক্তব্য ও সমর্থনীয় কাগজপত্র দাখিল করার জন্য সূত্রে উল্লিখিত স্মারকে পত্র দেয়া হয়।

পত্রের প্রেক্ষিতে মাদ্রাসার সুপার যে জবাব দাখিল করেছেন, তা পর্যালোচনান্তে মতামত প্রদানের জন্য মাদ্রাসা সংক্রান্ত নথিটি অত্র বোর্ডের বিজ্ঞ আইন উপদেষ্টার নিকট প্রেরণ করা হয়। বিজ্ঞ আইন উপদেষ্টা বিস্তারিত পর্যালোচনান্তে “সুপার কর্তৃক দাখিলকৃত বক্তব্যে বরখাস্তকৃত সহকারী মৌলভী এর বিরুদ্ধে বর্ণিত অভিযোগ গুরুতর বিধায় ও জনাব মোঃ আব্দুল মান্নানের অভিযোগ বিষয়ে বিধি মোতাবেক তদন্ত করে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়ার জন্য মাদ্রাসা কর্তৃপক্ষের নিকট পত্র দেওয়া যেতে পারে” মর্মে মতামত প্রদান করেন।

বর্ণিত অবস্থায় অত্র বোর্ডের বিজ্ঞ আইন উপদেষ্টার মতামতের আলোকে বরখাস্তকৃত সহকারী মৌলভী এর বিরুদ্ধে বর্ণিত গুরুতর অভিযোগ ও জনাব মোঃ আব্দুল মান্নানের বিষয়ে বিধি মোতাবেক তদন্ত করে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ পূর্বক বোর্ডকে অবহিত করার জন্য মাদ্রাসা কর্তৃপক্ষকে পুনরায় অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

  
28.01.18

প্রফেসর মোঃ মজিবুর রহমান  
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ ১) সভাপতি, মাহমুদাবাদ বালিকা দাখিল মাদ্রাসা, গফরগাঁও, ময়মনসিংহ

২) সুপার, মাহমুদাবাদ বালিকা দাখিল মাদ্রাসা, গফরগাঁও, ময়মনসিংহ

নং-বামাশিবো/প্রশাসন/ময়মনসিংহ-২২১/

তারিখঃ /০১/২০১৮খ্রিঃ

### সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ
২. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ
৪. জনাব মোঃ আব্দুল মান্নান, বরখাস্তকৃত সহকারী মৌলভী, মাহমুদাবাদ বালিকা দাখিল মাদ্রাসা, গফরগাঁও, ময়মনসিংহ
৫. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
৬. অফিস কপি

মোঃ মজিবুর রহমান  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)  
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬৭৪৮৭৪